



জনসংযোগ কার্যালয়

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ

ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১

ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২

ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি

জাবি উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম

‘এটিএন বাংলা উন্নয়নে বাংলাদেশ অ্যাওয়ার্ড ২০২২’ নির্বাচিত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০১ মার্চ ২০২৩।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম শিক্ষা খাতে গুরুত্বপূর্ণ অবদানের জন্য ‘শিক্ষা উন্নয়ন’ ক্যাটাগরিতে ‘এটিএন বাংলা উন্নয়নে বাংলাদেশ অ্যাওয়ার্ড ২০২২’ নির্বাচিত হয়েছেন। এটিএন

বাংলার উপদেষ্টা (অনুষ্ঠান ও সম্প্রচার) তাশিক আহমেদ স্বাক্ষরিত এক পত্রে এ তথ্য জানানো হয়।
আগামী ৫ মার্চ ২০২৩ তারিখ, রবিবার সন্ধ্যা ৬.০০টায় বাংলাদেশ চলচিত্র উন্নয়ন কর্পোরেশন (বিএফডিসি) এর
৮ নম্বর ফ্লোরে এই অ্যাওয়ার্ড প্রদান করা হবে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইন, বিচার ও সংসদ
বিষয়ক মাননীয় মন্ত্রী জনাব আনিসুল হক, এমপি, প্রধান অতিথি হিসেবে এই অ্যাওয়ার্ড প্রদান করবেন।
অ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন এটিএন বাংলার চেয়ারম্যান ড. মাহফুজুর রহমান।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি
পরিচালক (ভারপ্রাপ্ত)

